

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা

তথ্যআপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা

www.totthoapa.gov.bd

স্মারক নং ৩২.০২.০০০০.২০৫.১৪২.১৯-২৩৫২

তারিখঃ ২৭ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২০ খ্রি.

বিষয়: ফেসবুক পেজে প্রশ্ন ও অন্যান্য কার্যক্রম সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াদীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন “তথ্যআপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)” এর অফিসিয়াল ফেসবুক পেজে (www.facebook.com/totthoapaprokolpa) প্রকল্পের বিভিন্ন কার্যক্রমের কন্টেন্টগুলো প্রকাশ করা হয় এবং ইনবক্সে সাধারণ মানুষের গুরুত্বপূর্ণ প্রশ্নগুলোর উত্তর দেওয়া হয়। লক্ষ্য করা যাচ্ছে যে, তথ্যআপা প্রকল্প (২য় পর্যায়) এর কিছু কর্মকর্তা-কর্মচারীগণ ফেসবুক পেজে দাপ্তরিক বিভিন্ন প্রশ্ন করেন। তথ্যআপা প্রকল্প সংক্রান্ত যেকোন প্রশ্নের জবাব অফিসিয়াল পদ্ধতিতে যোগাযোগের মাধ্যমে অবহিত করার নিয়ম রয়েছে। প্রকল্পের এমআইএসেও এই সুবিধা রাখা হয়েছে।

এমতাবস্থায়, সামাজিক যোগাযোগ মাধ্যম হিসাবে বহুল প্রচারিত তথ্যআপা প্রকল্পের ফেসবুক পেজে অফিসিয়াল প্রশ্নের জবাব চাওয়া থেকে বিরত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো। এ বিষয়ে “সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৬” এ সঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।


বিতরণ:

০১। তথ্যসেবা কর্মকর্তা (সকল)

অনুলিপি:

০১। উপজেলা নির্বাহী অফিসার/চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা
(সংশ্লিষ্ট উপজেলা)

০২। ওয়েব এ্যাডমিন/প্রোগ্রামার (ওয়েব পোর্টাল ও ফেসবুকে প্রকাশের
অনুরোধ সহ)।


(মীনা পারভীন) ০২/১০/২০২০

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৪৮৩১১৫২১

ই-মেইল: pd@totthoapa.gov.bd